

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

নিলাম শাখা।

Website: www.chc.gov.bd

E-Auction (টেন্ডার সেল নং-০৩/২০২৫) বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে রক্ষিত আমদানিকৃত অ-খালাসকৃত, আটককৃত ও বাজেয়াপ্তকৃত বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে দরপত্র দাখিলে আশ্রয়ী নিলাম ক্রেতাগণ আগামী ২৭.০২.২০২৫ খ্রি. সকাল ৯.০০ টা হতে ১৭.০৩.২০২৫ খ্রি. দুপুর ২.০০ টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.chc.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/301) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ আয়কর সনদ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদ থাকতে হবে। দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যেকোন তফসিলি ব্যাংক হতে “কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম” এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে। স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য দলিলাদি নির্ধারিত সময় (১৭.০৩.২০২৫ তারিখ দুপুর ২.০০ টা) এর মধ্যে সীলগালায়ুক্ত খামে নিলাম শাখায় রক্ষিত বাস্তব অবস্থায় দাখিল/জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডারের মূল কপি জমা প্রদানে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দর বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর শর্ত প্রতিপালন, রীট মামলা যাচাই ও অন্যান্য প্রযোজ্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে পণ্যচালান খালাসযোগ্য। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।

পণ্য পরিদর্শনের তারিখ : লটভুক্ত মালামাল আগামী ০৩.০৩.২০২৫ খ্রি. থেকে ০৫.০৩.২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.৩০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

সংশোধনী তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) : ১৩.০৩.২০২৫ খ্রি.।

প্রাথমিক তথ্যের জন্য ১৬১৩৪ অথবা জনাব শেখ মঈনুল ইসলাম, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৭১২-৬৫১৬০০, জনাব বিজন কুমার তালুকদার, রাজস্ব কর্মকর্তা, মোবাইল নং-০১৭১৮-১১৫১৪৭ এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যাভ রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (জনাব আমিনুর রহমান মানিক, মোবাইল: ০১৭১১-৪৪৮৭০৬, জনাব মোহাম্মদ মোরশেদ, মোবাইল: ০১৮২৪-৯৮৫২১৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ- যেকোন কোটেশন গ্রহণ/বাতিল করার ক্ষমতা কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম সংরক্ষণ করেন।


মোঃ সাকিব হোসেন

অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস